

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

শিপ স্টোর্স ম্যানেজমেন্ট বিভাগ।

দরপত্র আহবান ফরম।

সূত্র: ১৮.১৬.০০০০.৩৮৫.২১.০২১.১৯

তারিখ: ৩০-০৬-২০১৯খ্রিঃ

মেসার্স-----

চট্টগ্রাম।

প্রিয় মহোদয়গন,

বিষয়:- এম,টি, “বাংলার জ্যোতি”-জাহাজের জন্য Consumable Stores

(Deck-Mooring rope) সরবরাহের জন্য দরপত্র দাখিল করা প্রসংগে।


নিম্নের বর্ণনা অনুযায়ী Consumable Stores (Deck-Mooring rope) চট্টগ্রামে সরবরাহের নিমিত্তে এতদ্বারা PPA-2006 & PPR-2008 এর RFQM অনুসরণে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র আগামী ০৩-০৭-২০১৯খ্রিঃ তারিখ বেলা ১২০০ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে।

- নিম্নে বর্ণিত শর্ত/নিয়মানুসারে দরপত্র দাখিল করিতে হইবে অন্যথায়, উহা গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে না:-
- ০১। দরপত্রদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড (ছাপানো) প্যাডে টাইপকৃত দরপত্র ০৩ (তিন) কপি দাখিল করিতে হইবে। ঘষা-মাজা বা ফুইড যুক্ত দরপত্র অথবা প্যাডের ফটোকপিতে দাখিলকৃত দরপত্র গ্রহণযোগ্য হইবে না। কাটাকাটির ক্ষেত্রে দরপত্র দাখিলকারীর স্বাক্ষর আবশ্যিক।
 - ০২। মুখবন্ধ ও সীলমোহরকৃত খামে দরপত্র নির্দিষ্ট সময়ের মধ্যে টেন্ডার বাঞ্চে ফেলিতে হইবে;
 - ০৩। প্রতিষ্ঠানের সীলমোহর থাকিতে হইবে;
 - ০৪। ক্রয়কারী সংস্থা প্রয়োজনে পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ এর ৭১(৪) অনুসারে যুক্তিসঙ্গত কারণে দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করতে পারে।
 - ০৫। কর্পোরেশন দরপত্রের কেবল মাত্র একক মূল্য গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করে; ইউনিট হার বা মূল্য এবং মোট মূল্যের মধ্যে ব্যতিক্রমসমূহ ক্ষেত্রে, ইউনিট হার বা দাম প্রাধান্য পাইবে।
 - ০৬। কর্পোরেশন কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন দরপত্র আংশিক কিংবা সম্পূর্ণ গ্রহণ অথবা যে কোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;
 - ০৭। দরপত্র খোলার পর উদ্ধৃত দরের কোনরূপ সংশোধন/পরিবর্তন গ্রহণযোগ্য হইবে না;
 - ০৮। দরপত্রদাতাগণকে যোগ্যতার সমর্থনে বৈধ ভেডার লাইসেন্স, ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এবং আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্রের সাথে দাখিল করিতে হইবে।
 - ০৯। চট্টগ্রাম বন্দরে/বহিঃনোঙ্গরে সরবরাহের ক্ষেত্রে কোন বোট বা ট্রলার ভাড়া প্রদান করা হবে না।
 - ১০। কার্যাদেশ প্রাপ্তির ০৭ দিনের ভেতর জাহাজে সরবরাহ সম্পন্ন করতে হবে এবং সরবরাহের তারিখ হইতে ১৫(পনের) দিনের মধ্যে বিল অবশ্যই অত্র বিভাগে জমা দিতে হইবে।
 - ১১। কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ১ দিনের ভেতর কার্যাদেশ ইস্যু করা হবে, যা সরবরাহকারী কর্তৃক ক্রয়কারী সংস্থার সরবরাহ আদেশ অনুমোদনের চুক্তি সাপেক্ষ দলিল হিসেবে বিবেচিত হবে।
 - ১২। কার্যাদেশে উল্লিখিত সরবরাহের তারিখ হইতে ১৫(পনের) দিনের মধ্যে বিল অবশ্যই অত্র বিভাগে জমা দিতে হইবে।
 - ১৩। মালামাল সমূহ অবশ্যই Marine Standard হতে হবে।
 - ১৪। কার্যাদেশ প্রাপ্তির পর মালামাল সমূহ অত্র সংস্থার রিসিভিং কমিটির সাথে যোগাযোগ করে কমিটি কর্তৃক প্রদর্শন/নিরীক্ষাকরণ পূর্বক সরবরাহ করিতে হইবে।

Sl.No.	Impa No	Description of items	Qty	
01.	210665	Nylon Mooring Rope (Dia-85mm, Length-220Mtrs), Good Quality with T.C.	03	Coils
02.	210666	Nylon Mooring Rope (Dia-90mm, Length-220Mtrs), Good Quality with T.C.	01	Coil

আপনাদের বিশ্বস্ত,

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের পক্ষে,


 ৩০/০৬/১৯
 (আবদুল জাব্বার)

উপ-মহাব্যবস্থাপক(এসএসএম)